তারিখ ... 16/6/83 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

দৈনিক বাংলা

057

## শিক্ষার ক্ষেত্রে বৃটিশ অভিজ্ঞতা কাজে লাগাবার সুযোগ রয়েছে ঃ মজিদ

লন্ডন, ১৫ই জুন (বাসস)। —শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান লন্ডনে বলেছেন, বাংলাদেশের শিক্ষার ক্ষেত্রে বৃটিশ অভিজ্ঞতা কাজে লাগাবার ব্যাপক সুযোগ রয়েছে।

মন্ত্রী বৃটিশ শিক্ষা বিভাগের কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাকালে কোন কোন ক্ষেত্রে সহযোগিতা চাওয়া হবে এবং তা পাওয়া যাবে সে ব্যাপারে জানতে বিশেষ আগ্রহ প্রকাশ করেন।

সভায় বৃটিশ কাউন্সিলের প্রতিনিধি, বৈদেশিক উন্নয়ন প্রশাসন ও বৃটিশ শিক্ষা বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী ডঃ মজিদ খান উত্তর লন্ডনে বাংলাদেশ ভবনে বাংলা স্কুল ও সাংস্কৃতিক কেন্দ্র পরিদর্শন করেন এবং সেদিন তিনি বাঙ্গালী শিক্ষক, সমাজ কর্মী ও এক দল ছাত্রের সঙ্গে মিলিত হন।

তিনি স্কুল পরিচালনায় বাংলাদেশী মহিলাদের কাজে খুশী হন। স্কুলটি দেশের সংস্কৃতির সঙ্গে শিশুদের সম্পর্ক জোরদার করছে।

## মাদ্রাসার জন্য সৌদী আরব বই দিয়েছে

সৌদি আরবের শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশের মাদ্রাসাসমূহের জন্য তিন হাজার ছয়শ বই উপহার দিয়েছে।

সৌদি চার্জ দ্য এফেয়ার্স জনাব মোহাম্মদ এ তাসাজী মঙ্গলবার বাংলাদেশ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব গ্রুপ ক্যাপ্টেন (অবসরপ্রাপ্ত) জসিমুদ্দিন আহমদের কাছে এসব বই আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন।

এই উপহার হচ্ছে বাংলাদেশের শিক্ষার ক্ষেত্রে সৌদি সাহায্যের অংশ।

এই অনুষ্ঠানে অন্যান্যের সঙ্গে মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জনাব মোহাম্মদ বাকী বিল্লাহ খান উপস্থিত ছিলেন। খবর বাসসর